

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website : www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.১৮২.৮৩(অংশ-১১)- ৮২২

তারিখ : ০২/০৮/২০১৭

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : তথ্য মন্ত্রণালয়ের ১৮/০৬/২০১৪ তারিখের পত্র নং-১৫.০০.০০০০.০১৪.১৮.০১২.১৪.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র ও চলচ্চিত্র সংক্রান্ত যাবতীয় সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে একটি অন্যতম প্রধান জাতীয় প্রতিষ্ঠান।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত জুলাই, ২০১৭ মাসের প্রতিবেদন নিম্নোক্ত ছকে প্রদান করা হলো :

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি
(ক) মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতিরোধ, সঠিক ইতিহাস রচনা ও প্রকাশ এবং মুক্তিযুদ্ধের দলিলপত্র/ মুক্তিযুদ্ধভিত্তিক অনুষ্ঠানাদি আর্কাইভে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।	ক) ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ১১টি এবং বিভিন্ন ক্যাটাগরির ফুটেজ ১৭টি ডিজিটাল ফরমেটে রূপান্তরিত করে সংরক্ষণ করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। খ) বিশ্বের বিভিন্ন দেশে মুক্তিযুদ্ধ বিষয়ক ভিডিও ফুটেজ ও অডিও সংগ্রহ রয়েছে, যা সংগ্রহপূর্বক সংরক্ষণ করা প্রয়োজন। অন্যথায় পরবর্তীতে এগুলো সংগ্রহ করা অত্যন্ত দুর্কর হবে। এ প্রেক্ষিতে, দেশী ও বিদেশী উৎস হতে মুক্তিযুদ্ধের অডিও ও ভিডিও ফুটেজ সংগ্রহ এবং সংরক্ষণের লক্ষ্যে এ প্রকল্প প্রস্তাব করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ফিল্ম মিউজিয়াম স্থাপন (মুক্তিযুদ্ধের কর্নারসহ), বিশ্বের বিভিন্ন দেশে ফিল্ম আর্কাইভ পরিদর্শন, ২০০ মুক্তিযোদ্ধার সাক্ষাৎকার গ্রহণ ও তার ভিত্তিতে তথ্য চিত্র নির্মাণ, ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি এবং ফিল্ম প্রিজারভেশন সিস্টেম শক্তিশালীকরণ করা হবে। উল্লেখ্য, ৩০ মার্চ ২০১৬ তারিখে তথ্য মন্ত্রণালয়ের নতুন প্রকল্প যাচাই কমিটির সভায় উক্ত প্রকল্পটি অনুমোদিত হয়। এ প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৭১০০.০০ লক্ষ টাকা। উক্ত প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হলে 'এটি মুক্তিযুদ্ধ কেন্দ্রিক হওয়ায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বিষয়টি নিয়ে প্রকল্প প্রণয়ন করতে পারে' মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়। জাতীয় ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত অডিও ভিডিও সংরক্ষণকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিডিও ডিজিটাল দলিল ও আনুষঙ্গিক উপকরণ সংগ্রহ, রক্ষণাবেক্ষণ ও প্রদর্শনের মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনরায় প্রেরণের জন্য তথ্য মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয়েছে। উক্ত প্রকল্পের ডিপিপি ১৮.০৬.২০১৭ তারিখে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
(খ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদনের প্রক্রিয়া করতে হবে।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাংগঠনিক কাঠামোতে (৩৯+০৯)=৪৮টি পদের সংস্থান রয়েছে। (ক) উক্ত পদসমূহ বহাল রেখে এর সাথে আরো ১৪০টি নতুন পদসহ মোট ১৮৮টি পদ সৃজনের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পক্ষ হতে প্রস্তাব করা হয়। (খ) তথ্য মন্ত্রণালয়ের পক্ষ হতে উক্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে সর্বমোট ১১৯টি পদ সৃজনের সম্মতি প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪/০৫/২০১৫ তারিখের ০৫.১৫৮.০১৫.০২.০১.০০৬.১৯৯৪(অংশ-১)-১৯০ অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরীর ৬৮টি নতুন পদ সৃজন এবং অত্যাাবশ্যিকীয় যন্ত্রপাতি ও যানবাহন টিওএন্ডই'তে অন্তর্ভুক্তির সম্মতি প্রদান করে। (ঘ) কিন্তু অর্থ মন্ত্রণালয় হতে ২৯/০৩/১৬ তারিখের ০৭.১৫৪.০১৫.১৫.০২.০০১.২০১৬.১২১ অনুযায়ী মোট ৩০টি পদ সৃজনের সম্মতি প্রদান করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিকৃত অবশিষ্ট ৩৮টি পদ সৃজন এবং অত্যাাবশ্যিকীয় যন্ত্রপাতি অন্তর্ভুক্তকরণ বিষয়ে সম্মতি প্রদানের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পক্ষ হতে প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক পদ সৃজন ও যানবাহন অন্তর্ভুক্তকরণ বিষয়টি অপারগতা জ্ঞাপন করা হয়। তাছাড়া, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক বাস্তবায়িত 'চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ' শীর্ষক প্রকল্পের ৩৯টি ক্যাটাগরির যন্ত্রপাতি সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তকরণে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতি প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩৮টি পদ সৃজন ও যানবাহন অন্তর্ভুক্তকরণ বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পক্ষ হতে পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবটি তথ্য মন্ত্রণালয় হতে গত ১৬/০৭/২০১৭ তারিখে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিষয়টি বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

৪৮

শীতাল নাথ হালদার
মহাপরিচালক (চলচ্চিত্র দায়িত্ব)
ফোন : ৯১১১৭৭২

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা